

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)



কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা, ঢাকা

(সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ)

ওয়েব সাইট: www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৫.২২.০০২.১৭- ৫৬৪

তারিখ: ০২ আশ্বিন, ১৪২৪  
২৬ অক্টোবর, ২০১৭


অফিস আদেশ

বিএডিসি'র ব্যবহার অযোগ্য, পরিত্যক্ত ও ঝুঁকিপূর্ণ অবকাঠামো কনডেম (ব্যবহার অযোগ্য) ঘোষণার নিমিত্ত নিয়োজিত কর্মকর্তাদের সমন্বয়ে "অবকাঠামো কনডেমনেশন কমিটি" গঠন করা হলো:

- ১) জেলা পর্যায়ের বিএডিসি'র জ্যেষ্ঠ কর্মকর্তা.....আহবায়ক।
- ২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা এর প্রতিনিধি (৯ম গ্রেডের নীচে নয়).....সদস্য।
- ৩) সংশ্লিষ্ট জেলার গণপূর্ত বিভাগের প্রকৌশলী প্রতিনিধি (৯ম গ্রেডের নীচে নয়).....সদস্য।
- ৪) সংশ্লিষ্ট জেলার এলজিইডি'র প্রকৌশলী প্রতিনিধি (৯ম গ্রেডের নীচে নয়).....সদস্য।
- ৫) সংশ্লিষ্ট অধিক্ষেত্রের নির্বাহী প্রকৌশলী, বিএডিসি.....সদস্য।
- ৬) সংশ্লিষ্ট জেলার উপপরিচালক (বীবি), বিএডিসি.....সদস্য।
- ৭) সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি.....সদস্য।
- ৮) প্রস্তাব পেশকারী/ফরমায়েশকারী কর্মকর্তা (৯ম গ্রেডের নীচে নয়).....সদস্য সচিব।

কমিটির কার্যপরিধি:

- (ক) অবকাঠামো বলতে যা বুঝাবে: অফিস ভবন, আবাসিক ভবন, পাম্প হাউজ, সীমানা প্রাচীর, গ্যারেজ, দোকান, গার্ড রুম, গুদাম, হিমাগার, সার্টিং শেড, শ্রেণি ফ্লোর ও অন্যান্য পূর্তধর্মী স্থাপনা ইত্যাদি।
- (খ) প্রস্তাব পেশকারী (ফরমায়েশকারী) কর্মকর্তা ব্যবহার অযোগ্য বা কনডেম ঘোষণার জন্য অবকাঠামো চিহ্নিত করে কারণ উল্লেখপূর্বক তালিকা প্রণয়ন করবেন।
- (গ) প্রস্তাব পেশকারী (ফরমায়েশকারী) কর্মকর্তা অবকাঠামো সম্পর্কে সম্যক ধারণা পাওয়ার জন্য প্রয়োজনীয় তথ্যাবলী তৈরী করবেন। উক্ত তথ্যাবলীর মধ্যে অবকাঠামোর নির্মাণ ব্যয়, স্বাভাবিক কার্যকাল (প্রকৃত বা বাস্তবভিত্তিক আনুমানিক), সংস্থার হিসাব বিভাগের নিয়মানুযায়ী অবচিত মূল্য (Depreciation), ভবনের আয়তন, তলা, প্রকৃতি (সেমিপাকা, কাঁচা, ব্রিক ফাউন্ডেশনের ভিত বিশিষ্ট পাকা বা ফেম-স্ট্রাকচারড পাকা ইত্যাদি), বর্তমানে ব্যবহার হচ্ছে কিনা, ব্যবহার না হলে সংস্কার করে ব্যবহার করা যাবে কিনা এবং অন্যান্য আনুষঙ্গিক তথ্যাদি উল্লেখ থাকবে।
- (ঘ) প্রস্তাব পেশকারী (ফরমায়েশকারী) কর্মকর্তা উপরোক্ত তথ্যাবলীসহ কনডেম ঘোষণার প্রশাসনিক অনুমোদন নেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট প্রেরণ করবেন।
- (ঙ) বিভাগীয় প্রধানের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেলে তা 'অবকাঠামো কনডেমনেশন কমিটি' এর নিকট উপস্থাপন করবেন।
- (চ) 'অবকাঠামো কনডেমনেশন কমিটি' প্রয়োজনে সাইট পরিদর্শন করে এবং উপস্থাপিত তথ্যাদি যথাসম্ভব যাচাই করে সিদ্ধান্ত প্রদান করবেন।
- (ছ) 'অবকাঠামো কনডেমনেশন কমিটি'র সুপারিশ পাওয়া গেলে সংস্থার বিক্রয় নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ বিক্রয় কার্যক্রম সম্পন্ন করবেন।
- ০২। নূনতম দু'জন বহিঃ সদস্যসহ কমপক্ষে পাঁচজন সদস্যের উপস্থিতি নিশ্চিত করে সভা অনুষ্ঠান করতে হবে।
- ০৩। সংস্থার স্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(তুলসী রঞ্জন সাহা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোন নং-৯৫৬৪৩৫৯

secretary@badc.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। ..... বিএডিসি, ঢাকা।

(সকল দপ্তর/বিভাগীয় প্রধান)

১। প্রধান (মনিটরিং), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সদস্য পরিচালক (স্কুদ্রসেচ/বীজ ও উদ্যান/অর্থ/সার ব্যবস্থাপনা)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।